রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ৭, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**বন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ বৈশাখ ১৪১৮ বঙ্গাব্দ/২ মে ২০১১ খ্রিস্টাব্দ

**এস.আর.ও নং ১০৭-আইন/২০১১।**—Forest Act, 1927 (Act No. XVI of 1927) এর section 41, section 76 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা সুন্দরবন সংরক্ষিত বন, পার্বত্য জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান ব্যতীত সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) "অনুমোদিত ডিপো" অর্থ বিভাগীয় বন কর্মকর্তার অনুমোদনক্রমে একটি নির্দিষ্ট সময়ের জন্য স্থাপনকৃত বনজদ্রব্যের অস্থায়ী ডিপো;

(২) "আইন" অর্থ Forest Act, 1927 (Act No. XVI of 1927);

(৩) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত কোন তফসিল;

(৪) "দফা" অর্থ আইনের কোন দফা;

(৫) "ধারা" অর্থ আইনের কোন ধারা;



**মূল্য ঃ** টাকা ১৪.০০

(৬) "নিবন্ধিত ডিপো" অর্থ বিধি ১২ এর উপ-বিধি (৩) এর অধীন নিবন্ধিত কোন ডিপো;

(৭) "নির্ধারিত শর্ত" অর্থ সংশ্লিষ্ট ফরমে উল্লিখিত শর্তাবলী;

(৮) "পারমিট" অর্থ ফরম-৮ অনুযায়ী ইস্যুকৃত অনুমতিপত্র;

(৯) "পাশ" অর্থ ফরম-১ অনুযায়ী ইস্যুকৃত বনজদ্রব্যের পরিবহন পাশ;

(১০) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত কোন ফরম;

(১১) "ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিট" অর্থ যে কোন ধরনের ক্ষুদ্র শিল্প যেখানে বাণিজ্যিক উদ্দেশ্যে বনজদ্রব্য চেরাই, কর্তন বা অন্য কোন উপায়ে ইহার আকারের প্রয়োজনীয় পরিবর্তন, সংযোজন প্রক্রিয়াজাতকরণ বা সংরক্ষণের মাধ্যমে ব্যবহার উপযোগী করিয়া তোলা হয়;

(১২) "ফ্রি-লাইসেন্স" অর্থ বিধি ৬ এর উপ-বিধি (৭) এর অধীন ইস্যুকৃত কোন লাইসেন্স;

(১৩) "বনজদ্রব্য" অর্থ আইনের ধারা ২ এর যথাক্রমে দফা (৪) এবং দফা (৬) এ সংজ্ঞায়িত æforest product" ও ætimber";

(১৪) "ব্যবস্থাপনা পরিকল্পনা" অর্থ কোন নির্দিষ্ট ভূমির বৃক্ষ কর্তন, আহরণ, পুনঃরোপন ও ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা;

(১৫) "ভিনিয়ার ফ্যাক্টরী" অর্থ এক ধরনের ক্ষুদ্র শিল্প কারখানা যেখানে টিম্বার এর গুড়ি হইতে যন্ত্রের সাহায্যে টিম্বারের হালকা আবরণ তৈরী করিয়া টিম্বার এর সামগ্রী বা ব্যবহার উপযোগ্য টিম্বার এর আস্তরণ তৈরী করা হয়;

(১৬) "সার্টিফিকেট অব অরিজিন" অর্থ বিধি ৪(১) বা, ক্ষেত্রমত, বিধি ৭(১)(গ) এর অধীন ইস্যুকৃত ছাড়পত্র।

৩। **পরিবহন পথের নিয়ন্ত্রণ**।—(১) বনজদ্রব্য পরিবহনে ব্যবহৃত বা ব্যবহারযোগ্য কোন রাস্তা, নদী, খাল, নালা, ছাড়া বা অন্য কোন জলপথে বা উহার তীরে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি অথবা উহাদের গতিপথের কোন ধরনের পরিবর্তন করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রতিবন্ধকতা সৃষ্টি বা উহাদের গতিপথের কোন ধরনের পরিবর্তন করা হইলে সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা, প্রতিবন্ধকতা সৃষ্টিকারী বা গতি পথের পরিবর্তনকারী ব্যক্তিকে নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত প্রতিবন্ধকতা অপসারণ বা গতিপথ পূর্বাবস্থায় আনয়নের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন অথবা নিজ উদ্যোগে উক্তরূপ অপসারণ বা গতিপথ পূর্বাবস্থায় আনয়নের ব্যবস্থা গ্রহণপূর্বক ঐ ব্যক্তির নিকট হইতে উক্ত অপসারণ বা পূর্বাবস্থায় আনয়ন কাজের খরচ আদায় করিতে পারিবেন।

(৩) কোন ব্যক্তি উপ-বিধি(২) এ উল্লিখিত খরচের টাকা প্রদান করিতে অস্বীকার করিলে বিভাগীয় বন কর্মকর্তা উক্ত ব্যক্তির নিকট হইতে উহা **Public Demands Recovery Act, 1913** এর অধীন বকেয়া সরকারি পাওনা হিসাবে আদায় করিতে পারিবেন।

(৪) বিধি ১০ এ বর্ণিত বনজদ্রব্য ব্যতীত, বিভাগীয় বন কর্মকর্তা "পারমিট" বা "পাশ" এর মাধ্যমে তাহার অধিক্ষেত্রাধীন এলাকায় মজুদকৃত বনজদ্রব্যের পরিবহন নিয়ন্ত্রণ করিবেন।

৪। **সংরক্ষিত বনভূমি (Reserved Forest), রক্ষিত বনভূমি (Protected Forest), অর্জিত বনভূমি (Acquired Forest), অর্পিত বনভূমি (Vested Forest), সামজিক বনায়ন কর্মসূচী এবং অন্যান্য সরকারি মালিকাধীন ভূমি হইতে বনজদ্রব্য আহরণ, অপসারণ বা পরিবহন।**—(১) সংরক্ষিত বনভূমি (Resereved Forest), রক্ষিত বনভূমি (Protected Forest), অর্জিত বনভূমি (Acquired Forest), অর্পিত বনভূমি (Vested Forest), সামাজিক বনায়ন কর্মসূচী এবং বন বিভাগ নিয়ন্ত্রণাধীন সরকারি মালিকানাধীন চরভূমি ও সৃজিত বন বাগান হইতে বনজদ্রব্য আহরণ করিতে হইলে বনজদ্রব্য আহরণের বৈধতার প্রমাণস্বরূপ বিভাগীয় বন কর্মকর্তা বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন বন কর্মকর্তার নিকট হইতে ফরম-৫ বা, ক্ষেত্রমত, ফরম-৬ এ ইস্যুকৃত সার্টিফিকেট অব অরিজিন ও উহার একটি অনুলিপি গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত বনভূমি হইতে আহরিত বনজদ্রব্য পরিবহন করিতে হইলে বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে ফরম-১ এ ইস্যুকৃত পাশ গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত বনভূমি হইতে আহরিত বনজদ্রব্য পরিবহনের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে পাশ গ্রহণের জন্য নাম, পিতার নাম, বনজদ্রব্যের প্রকার, পরিমাণ, পরিবহনে ইচ্ছুক বনজদ্রব্যের অবস্থান ও গন্তব্যস্থল উল্লেখপূর্বক আবেদন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এ বর্ণিত আবেদনপত্র প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা প্রয়োজনীয় তদন্ত বা যাচাই-বাছাই এর পর সঠিক বিবেচনা করিলে অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে নির্ধারিত শর্তে আবেদনকারী বরাবর ফরম-১ এ পাশ ইস্যু করিবেন।

(৫) বনজদ্রব্য পরিবহনকালে পরিবহনকারীকে সংশ্লিষ্ট সার্টিফিকেট অব অরিজিন বা, ক্ষেত্রমত, পাশ সঙ্গে রাখিতে হইবে।

(৬) বনজদ্রব্য পরিবহনকালে বা তফসিল 'খ' এ উল্লিখিত বন শুল্ক ও পরীক্ষণ ফাঁড়িসমূহ (Forest Revenue & Check Station) অতিক্রমকালে বন বিভাগের কোন কর্মকর্তা বা সাব ইন্সপেক্টর পদমর্যাদার নীচে নহেন এমন কোন পুলিশ কর্মকর্তা সংশ্লিষ্ট বনজদ্রব্যের সার্টিফিকেট অব অরিজিন বা, ক্ষেত্রমত, পাশ দেখিতে চাহিলে পরিবহনকারী তাহা প্রদর্শন করিতে বাধ্য থাকিবেন।

(৭) সার্টিফিকেট অব অরিজিন বা পাশ এ উল্লিখিত বনজদ্রব্যের অতিরিক্ত কোন বনজদ্রব্য আহরণ, অপসারণ বা পরিবহন করা যাইবে না।

(৮) বন সংরক্ষক প্রয়োজনবোধে নোটিফিকেশন নং-২৩৯৯ ফর, তাং-২৬-১২-১৯৫৯ ইং এর ক্ষমতাবলে স্বীয় অধিক্ষেত্রে সরকারি গেজেটে বিজ্ঞপ্তি জারী করিয়া বন শুল্ক ও পরীক্ষণ ফাঁড়ি স্থাপন কিংবা বিদ্যমান বন শুল্ক ও পরীক্ষণ ফাঁড়ি স্থানান্তর বা বিলুপ্ত করিতে পারিবেন।

৫। **সড়ক ও জনপথ, রেলপথ, বাঁধ, সংযোগ সড়ক, ইত্যাদি ভূমি হইতে বনজদ্রব্য আহরণ, অপসারণ বা পরিবহন।**—(১) বন বিভাগের নিয়ন্ত্রণাধীন নহে বা বন বিভাগের সামাজিক বনায়ন কর্মসূচীর আওতাভুক্ত নহে এইরূপ সড়ক ও জনপথ, রেলপথ, বাঁধ সংযোগ সড়ক, জেলা পরিষদ

সড়ক, স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগের সড়কসহ অন্যান্য সরকারি মালিকানাধীন ভূমি হইতে বনজদ্রব্য আহরণ, অপসারণ বা পরিবহনের প্রয়োজন হইলে উক্ত ভূমি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ন্যূনতম জেলা পর্যায়ের কর্মকর্তাকে বিভাগীয় বন কর্মকর্তা বরাবর ফরম-৩ এ আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের প্রেক্ষিতে অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে বিভাগীয় বন কর্মকর্তা বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক যথাযথ তদন্তপূর্বক বিভাগীয় বন কর্মকর্তা উক্ত বনজদ্রব্য কর্তন ও আহরণের অনুমতি প্রদান করিবেন এবং এইরূপ অনুমোদিত কর্তনের পর বিভাগীয় বন কর্মকর্তা বনজদ্রব্যে পাশ হাতুড়ির ছাপ (Pass Marking) প্রদান ও কর্তিত বনজদ্রব্য পরিবহনের জন্য নির্ধারিত শর্তে আবেদনকারী বরাবর ফরম-১ এ পাশ প্রদানের ব্যবস্থা করিবেন।

৬। **বেসরকারি মালিকানাধীন ভূমি হইতে বনজদ্রব্য আহরণ।**—(১) ফ্রি লাইসেন্স ব্যতীত তফসিল 'গ' এ বর্ণিত জেলা ও উপজেলাসমূহের বেসরকারি ব্যক্তি বা প্রতিষ্ঠানের মালিকানাধীন ভূমি হইতে কোন বনজদ্রব্য আহরণ করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ভূমি হইতে বনজদ্রব্য আহরণের জন্য ভূমির মালিক কর্তৃক ফ্রি লাইসেন্স বিভাগীয় বন কর্মকর্তার নিকট ফরম-২ এ আবেদনপত্র দাখিল করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, একই হোল্ডিং এর বিপরীতে ১ (এক) বৎসরের মধ্যে একাধিকবার ফ্রি লাইসেন্স এর জন্য আবেদন করা যাইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন ফ্রি লাইসেন্স গ্রহণের জন্য আবেদনপত্রের সহিত, প্রযোজ্য ক্ষেত্রে, নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা ঃ—

(ক) সংশ্লিষ্ট ভূমির মালিকানা সংক্রান্ত দলিলাদি;

(খ) সংশ্লিষ্ট ভূমি জরিপ নকশার ট্রেসিং কপি;

(গ) ভূমির খাজনা প্রদানের হালনাগাদ রশিদ (ডিসিআর);

(ঘ) আবেদনকারীর ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(৪) উপ-বিধি (২) এ বর্ণিত আবেদনপত্র প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা উক্ত আবেদনপত্রে বর্ণিত ভূমির মালিকানা পরীক্ষাকরতঃ উহা সঠিক প্রমাণিত হইলে আবেদনে উল্লিখিত ভূমি হইতে বনজদ্রব্য আহরণের বিষয়ে তদন্তের জন্য রেঞ্জ বা স্টেশন কর্মকর্তার নিকট উহা প্রেরণ করিবেন।

(৫) ভূমির মালিকানা বিষয়ে কোন জটিলতা পরিলক্ষিত হইলে বিভাগীয় বন কর্মকর্তা বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে ডেপুটি কমিশনারের নিকট প্রেরণ করিবেন এবং ডেপুটি কমিশনার প্রয়োজনীয় যাচাই-বাছাই করিয়া অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিভাগীয় বন কর্মকর্তার নিকট প্রতিবেদন প্রেরণ করিবেন।

(৬) উপ-বিধি (৪) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট রেঞ্জ বা স্টেশন কর্মকর্তা—

(ক) তদন্ত করিয়া আবেদনপত্র ও আবেদনপত্রের সহিত সংযুক্ত ট্রেসিং ম্যাপ সরেজমিনে পরীক্ষা করতঃ সংশ্লিষ্ট ভূমি এবং আবেদনপত্রে প্রদর্শিত ভূমির পরস্পর মিল আছে কিনা উহা যাচাই করতঃ উক্ত ভূমিতে অবস্থিত গাছের মার্কিং তালিকা প্রস্তুত করিবেন;

(খ) দফা (ক) এর অধীন প্রস্তুতকৃত মার্কিং তালিকা অনুযায়ী বনজদ্রব্যের বিবরণ ও আনুমানিক পরিমাণ ফরম-২ এর অধীন রেঞ্জ বা স্টেশন কর্মকর্তার প্রতিবেদনে তাহার সুপারিশসহ তারিখ উল্লেখপূর্বক স্বাক্ষরকরতঃ অনধিক ৪০ (চল্লিশ) কার্যদিবসের মধ্যে বিভাগীয় বন কর্মকর্তার নিকট ফেরত প্রদান করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর দফা (খ) অনুযায়ী রেঞ্জ বা স্টেশন কর্মকর্তার নিকট হইতে প্রতিবেদনসহ আবেদনপত্রটি ফেরত প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা প্রতিবেদন বিষয়ে সন্তুষ্ট হইলে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিনা রাজস্বে আহরণের জন্য ফরম-৪ এ ফ্রি-লাইসেন্স ইস্যু করিবেন।

(৮) তফসিল ‘গ’ এ বর্ণিত জেলা ও উপজেলাসমূহ ব্যতীত অন্যান্য জেলায় বনজদ্রব্য আহরণের জন্য ভূমির মালিক, (নাম, পিতার নাম, ঠিকানা, ভূমির তফসিল, আহরণে ইচ্ছুক গাছের প্রজাতি ও সংখ্যা ইত্যাদি উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/এসএফএনটিসি এর ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট (বিভাগীয় বন কর্মকর্তাকে সম্বোধনপূর্বক) দরখাস্ত করিবেন।

(৯) উপ-বিধি (৮) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর রেঞ্জ কর্মকর্তা/এসএফএনটিসি এর ভারপ্রাপ্ত কর্মকর্তা ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তদন্তপূর্বক সন্তুষ্ট হইলে তিনি খাড়া মার্কাকরতঃ গাছ কর্তনের অনুমতি প্রদান করিবেন।

(১০) কর্তিত ও খণ্ডনকৃত গাছের পরিমাপ রেকর্ডকরতঃ ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উহাতে পাশ মার্কা প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট ভূমির মালিককে পাশ প্রদানপূর্বক বিভাগীয় বন কর্মকর্তাকে অবহিত করিবেন।

৭। **বেসরকারি মালিকানাধীন ভূমি হইতে বনজদ্রব্য পরিবহন।**—(১) বিধি ৬ এ বর্ণিত ভূমি হইতে আহরিত বনজদ্রব্য পরিবহন করিতে হইলে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) ফ্রি-লাইসেন্স মূলে কর্তিত বনজদ্রব্য আহরণের স্থান (গাছের গোড়া) হইতে পরিবহন করিবার পূর্বে টিম্বারের প্রতি খন্ডে মালিকানা হাতুড়ী ও বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক পাশ মার্কা হাতুড়ীর ছাপ প্রদান (Pass Marking) ব্যতীত কোন বনজদ্রব্য পরিবহন করা যাইবে না।

তবে শর্ত থাকে যে, মালিকানা ও পাশ মার্কা হাতুড়ির ছাপ প্রদানের পর কোন টিম্বার খণ্ডন বা চেরাই করিবার প্রয়োজন হইলে বিভাগীয় বন কর্মকর্তা বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন বন কর্মকর্তার অনুমতি গ্রহণ করিতে হইবে এবং চেরাই বা খণ্ডনের পর টিম্বার এ পুনরায় পাশ মার্কিং হাতুড়ির ছাপ প্রদান করিতে হইবে;

(খ) গাছের গোড়া হইতে বনজদ্রব্য অনুমোদিত ডিপোতে পরিবহন করিবার নিমিত্ত অনুমোদনের জন্য বিভাগীয় বন কর্মকর্তার নিকট সার্টিফিকেট অব অরিজিন এর জন্য আবেদন করিতে হইবে;

(গ) দফা (খ) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা বনজদ্রব্য গাছের গোড়া হইতে অনুমোদিত ডিপোতে বহন করিবার জন্য ফরম-৫ বা, ক্ষেত্রমত, ফরম-৬ এ সার্টিফিকেট অব অরিজিন ও উহার একটি অনুলিপি ইস্যু করিবেন;

(ঘ) ফ্রি-লাইসেন্স এ বর্ণিত ভূমি হইতে বনজদ্রব্য পরিবহন করিয়া নিকটবর্তী সুবিধাজনক স্থানে ডিপোকরতঃ সেখানে মজুদ করিতে হইলে মালিকের নাম, ম্যাপসহ মৌজার নাম, খতিয়ান, দাগ নং, ইত্যাদি উল্লেখ করিয়া পৃথক আবেদনপত্রের মাধ্যমে বিভাগীয় বন কর্মকর্তার লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(ঙ) সার্টিফিকেট অব অরিজিনমূলে আহরিত ও অনুমোদিত ডিপোতে রক্ষিত বনজদ্রব্য অনুমোদিত ডিপোর বাহিরে পরিবহন করিতে হইলে রেঞ্জ বা স্টেশন কর্মকর্তার নিকট সার্টিফিকেট অব অরিজিন এর কপি সংযুক্ত করিয়া যে সকল বনজদ্রব্য পরিবহন করা প্রয়োজন উহার জাত, পরিমাণ এবং গন্তব্যস্থল উল্লেখকরতঃ পাশ গ্রহণের জন্য আবেদন করিতে হইবে;

(চ) দফা (ঙ) এর অধীন আবেদন প্রাপ্তির পর রেঞ্জ বা স্টেশন কর্মকর্তা প্রয়োজনীয় পরীক্ষান্তে সঠিক বিবেচনা করিলে অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পাশ ইস্যুর জন্য বিভাগীয় বন কর্মকর্তার নিকট প্রতিবেদন প্রেরণ করিবেন;

(ছ) দফা (চ) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বিভাগীয় বন কর্মকর্তা বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন বন কর্মকর্তা, সহকারী বন সংরক্ষক এর নিম্নে নহে, ফরম-১ এ পাশ ইস্যু করিবেন।

(২) জনসাধারণের নিজস্ব বসত বাটি হইতে আম, কাঁঠাল, কালোজাম, তাল, নারিকেল, সুপারি, খেজুর ও শিমুল গাছ আহরণ ও পরিবহনের ক্ষেত্রে কোন ধরনের পূর্ব অনুমতির প্রয়োজন হইবে না এবং প্রধান বন সংরক্ষক, প্রয়োজনবোধে, সরকারি গেজেটে বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে নির্দিষ্ট এলাকার জন্য উল্লিখিত প্রজাতির গাছের সাথে নতুন কোন প্রজাতির গাছের নাম অন্তর্ভুক্ত করিতে, বাদ দিতে বা উল্লিখিত প্রজাতির গাছের নাম পরিবর্তন করিতে পারিবেন।

৮। **চা বাগানের ভূমি হইতে বনজদ্রব্য আহরণ, অপসারণ বা পরিবহন**।—(১) পারমিট ব্যতীত চা বাগানের ভূমি হইতে বনজদ্রব্য আহরণ, অপসারণ বা পরিবহন করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ভূমি হইতে বনজদ্রব্য আহরণের জন্য ভূমি মালিক কর্তৃক বিভাগীয় বন কর্মকর্তার নিকট পারমিটের জন্য ফরম-৭ এ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা ঃ—

(ক) বাংলাদেশ চা বোর্ড কর্তৃক অনুমতিপত্র যাহাতে বাংলাদেশ চা বোর্ড এই মর্মে প্রত্যয়ন করিবে যে, প্রার্থিত ভূমি হইতে বৃক্ষ কর্তনের পর সেখানে চা বাগান সৃজনের জন্য বাগান মালিকের প্রয়োজনীয় পরিকল্পনা, অর্থ ও উপকরণের সংস্থান রহিয়াছে এবং পরিপক্ক বৃক্ষ কর্তন ও অপসারণের পর সেখানে উপযুক্ত প্রজাতির উন্নতমানের চারা দ্বারা পুনরায় বনায়ন করিবার প্রয়োজনীয় পরিকল্পনা, অর্থ ও উপকরণের সংস্থান বাগান মালিকের রহিয়াছে;

(খ) ফরম-১৩ এ প্রস্তুতকৃত ব্যবস্থাপনা পরিকল্পনা;

(গ) সংশ্লিষ্ট ভূমি জরীপ নকশার ট্রেসিং কপি ও জমির মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র।

(৪) উপ-বিধি (২) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা উক্ত আবেদনপত্রে বর্ণিত বনজদ্রব্যের সঠিক প্রাপ্যতা সম্বন্ধে যাচাইয়ের জন্য রেঞ্জ বা স্টেশন কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৫) বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে আবেদনপত্র প্রাপ্তির পর রেঞ্জ বা স্টেশন কর্মকর্তা সরেজমিনে যাচাইকরতঃ প্রাপ্ত বনজদ্রব্যের বিবরণ ও পরিমাণ ফরম-৭ এ তাহার প্রতিবেদনে লিপিবদ্ধ করিয়া সুপারিশসহ অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিভাগীয় বন কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৬) রেঞ্জ বা স্টেশন কর্মকর্তার নিকট হইতে সুপারিশসহ প্রতিবেদন প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা, প্রযোজ্য ক্ষেত্রে, সরকার কর্তৃক নির্ধারিত রাজস্ব আদায় করিয়া নির্ধারিত শর্তে ফরম-৮ অনুযায়ী আবেদনকারী বরাবর পারমিট ইস্যু করিবেন।

৯। **সড়ক, মহাসড়ক, রেলপথ, জলপথ, আকাশপথ বা অন্যান্য পথে বনজদ্রব্য পরিবহন।**—(১) এই বিধিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, যে কোন সড়ক, মহাসড়ক, রেলপথ, জলপথ, আকাশ পথে বনজদ্রব্য পরিবহন করা যাইবে।

(২) এই বিধিমালার অন্যান্য বিধানাবলী অনুসরণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে যে কোন রেলওয়ে স্টেশন, বিমান বন্দর, নৌবন্দর বা লঞ্চ টার্মিনাল হইতে কোন বনজদ্রব্য ট্রাক, রেল, স্টিমার, লঞ্চ, কার্গো, বিমান ইত্যাদিযোগে অন্য কোন গন্তব্যস্থলে প্রেরণের জন্য বুকিং করা যাইবে।

১০।**আমদানী ও রপ্তানীর উদ্দেশ্যে প্রেরিত বনজদ্রব্য পরিবহন।**—(১) পাশ ব্যতিরেকে কোন বনজদ্রব্য আমদানীর উদ্দেশ্যে কোন স্থলবন্দর, সমুদ্রবন্দর বা বিমানবন্দরের বাহিরে আনয়ন বা রপ্তানীর উদ্দেশ্যে উল্লিখিত বন্দরে প্রেরণ করা যাইবে না।

(২) আমদানীকৃত বনজদ্রব্য চট্টগ্রাম সমুদ্রবন্দর এর মাধ্যমে পরিবহনের ক্ষেত্রে বিভাগীয় বন কর্মকর্তা অথবা বন ব্যবহারিক বিভাগ চট্টগ্রাম এর নিকট এবং অন্যান্য এলাকার একইরূপ বনজদ্রব্য পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বন্দর যে বন বিভাগের অধিক্ষেত্রাধীন সেই বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তার নিকট পাশের জন্য লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(৩) রপ্তানীর উদ্দেশ্যে কোন বনজদ্রব্য কোন স্থলবন্দর, সমুদ্রবন্দর বা বিমানবন্দর এ পরিবহন করিতে হইলে উক্ত বনজদ্রব্য যে বন বিভাগের অধিক্ষেত্রাধীন সেই বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তার নিকট পাশের জন্য লিখিতভাবে আবেদন করিতে হইক্ষে ঃ

তবে শর্ত থাকে যে, চট্টগ্রাম বন্দরের মাধ্যমে রপ্তানীর ক্ষেত্রে বন ব্যবহারিক বিভাগ চট্টগ্রাম এর পাশ গ্রহণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) বা, ক্ষেত্রমত, (৩) এর অধীন উল্লিখিত আবেদনপত্রের সহিত উক্ত বনজদ্রব্য বাবদ প্রদেয় সমুদয় কর (tax) পরিশোধের প্রমাণপত্র ও কোয়ারানটাইন সার্টিফিকেট সংযোজন করিতে হইবে।

(৫) পাশ ইস্যুর পূর্বে বিভাগীয় বন কর্মকর্তা আমদানীকৃত বনজদ্রব্যে ''আমদানীকৃত'' শব্দ খোদাইকৃত হাতুরীর ছাপ (Pass Marking) প্রদান করিবেন।

(৬) উপ-বিধি (২) বা, ক্ষেত্রমত, (৩) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র বিভাগীয় বন কর্মকর্তা বা, ক্ষেত্রমত, বন ব্যবহারিক বিভাগ যথাযথ তদন্তপূর্বক পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে নির্ধারিত শর্তে অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ফরম-১ এ পাশ ইস্যু করিবেন।

১১। **মালিকানা হাতুড়ি ও উহার নিবন্ধিকরণ**।—(১) বনজদ্রব্যের প্রত্যেক ক্রেতা বা ব্যবসায়ী, অথবা পারমিট বা ফ্রি-লাইসেন্স গ্রহীতার যে কোন প্রকার টিম্বার বা বনজদ্রব্যের মালিকানা চিহিতকরণের উদ্দেশ্যে, বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত নমুনা অনুযায়ী ''মালিকানা হাতুড়ী'' প্রস্তুত করতঃ উহা নিবন্ধনের জন্য দুইশত টাকা নিবন্ধিকরণ 'ফি' জমা দিয়া বিভাগীয় বন কর্মকর্তা বরাবর, প্রয়োজনীয় মালিকানা দলিলাদিসহ লিখিতভাবে আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা যথাযথ তদন্ত করিয়া সন্তুষ্ট হইলে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ফরম-৯ এ এতদ্‌সংক্রান্ত দলিলাদিসহ জমাকৃত মালিকানা হাতুড়ী নিবন্ধন করিবেন।

(৩) নিবন্ধিত ''মালিকানা হাতুড়ী'' এর মেয়াদ হইবে এক বৎসর এবং প্রত্যেক বৎসর মেয়াদ শেষের পূর্বেই পরবর্তী বৎসরের জন্য বাধ্যতামূলকভাবে উক্ত নিবন্ধন নবায়ন করিতে হইবে এবং উক্তরূপ নবায়নের উদ্দেশ্যে একশত টাকা নবায়ন ফিসহ বিভাগীয় বন কর্মকর্তার নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(৪) এই বিধির অধীন নিবন্ধিত মালিকানা হাতুড়ীর মেয়াদ উত্তীর্ণ হইয়া গেলে উক্ত মালিকানা হাতুড়ি কোনভাবে ব্যবহার করা যাইবে না।

(৫) উপ-বিধি (৩) এর অধীন নবায়নের আবেদন প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা, প্রয়োজনীয় তদন্ত সাপেক্ষে, যাচাই বাছাই করিয়া সন্তুষ্ট হইলে, মালিকানা হাতুড়ি অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নবায়ন করিবেন।

(৬) মালিকানা হাতুড়ি নিবন্ধিতকরণ সনদ হারাইয়া গেলে বিভাগীয় বন কর্মকর্তা প্রয়োজনীয় তদন্তক্রমে পঞ্চাশ টাকা ফি আদায় করতঃ সত্যায়িত নকল প্রদান করিতে পারিবেন।

(৭) নিবন্ধিতকৃত মালিকানা হাতুড়ি হারাইয়া গেলে হাতুড়ি মালিককে তৎক্ষণাৎ সংশ্লিষ্ট থানায় জেনারেল ডায়েরী (জিডি) লিপিবদ্ধ করিতে হইবে এবং উক্ত জিডি এন্ট্রির কপিসহ হারাইয়া যাওয়ার ঘটনা লিখিতভাবে বিভাগীয় বন কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

(৮) বিভাগীয় বন কর্মকর্তা প্রয়োজনীয় তদন্ত সাপেক্ষে উক্ত হারাইয়া যাওয়ার বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরসমূহকে জ্ঞাত করিবেন।

(৯) হারাইয়া যাওয়া হাতুড়ির ক্ষেত্রে, হাতুড়ি মালিক উপ-বিধি (১) অনুযায়ী নতুন মালিকানা হাতুড়ি নিবন্ধন করিতে পারিবেন।

(১০) নতুনভাক্ষে নিবন্ধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা হারাইয়া যাওয়া মালিকানা হাতুড়ি বাতিল ঘোষণা করিয়া সাধারণ অফিস আদেশ জারী করিবেন।

১২। **বনজদ্রব্য মজুদ রাখিবার জন্য ডিপো নিবন্ধিকরণ**।—(১) কোন ব্যক্তি বনজদ্রব্য অনুমোদিত ডিপো ব্যতীত অন্য কোন ডিপোতে মজুদ রাখিতে চাহিলে, উক্ত ডিপো স্থাপন ও পরিচালনার জন্য বিভাগীয় বন কর্মকর্তা এর কার্যলয়ে নিবন্ধন করিতে হইবে এবং উক্তরূপ নিবন্ধন ব্যতীত কোন ডিপো স্থাপন বা পরিচালনা করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন ডিপো স্থাপন পূর্বক নিবন্ধনের জন্য নিবন্ধন ফি বাবদ এক হাজার টাকা জমা দিয়া বিভাগীয় বন কর্মকর্তা বরাবর লিখিতভাবে আবেদন করিতে হইক্ষে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা বা তাহার প্রতিনিধি, প্রস্তাবিত স্থান এবং বনাঞ্চলের অবস্থান বিবেচনা করিয়া সন্তুষ্ট হইলে, অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে ডিপো স্থাপনের অনুমতি প্রদানসহ ফরম-১০ অনুযায়ী আবেদনকারীর ডিপো নিবন্ধন করিয়া আবেদনকারী বরাবর নিবন্ধন সনদ ইস্যু করিবেন।

(৪) বিভাগীয় বন কর্মকর্তা আবেদনকারীর প্রার্থিত কোন অবস্থানে বন সংরক্ষণ ও বনজদ্রব্যের চোরাচালান প্রতিহতকরণের স্বার্থে প্রার্থিত ডিপো স্থাপন ও নিবন্ধনের আবেদন প্রত্যাখ্যান করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন বিভাগীয় বন কর্মকর্তার উক্ত আদেশের বিরুদ্ধে ৬০ (ষাট) দিনের মধ্যে বন সংরক্ষক এর নিকট আপীল করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে বন সংরক্ষক কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৬) এই বিধির অধীন নিবন্ধিত ডিপোর মেয়াদ হইবে এক বৎসর এবং প্রত্যেক বৎসর মেয়াদ শেষের পূর্বেই পরবর্তী বৎসরের জন্য বাধ্যতামূলকভাবে উক্ত নিবন্ধন নবায়ন করিতে হইবে এবং উক্তরূপ নবায়নের নিমিত্ত ৫০০ (পাঁচশত) টাকা নবায়ন ফিসহ বিভাগীয় বন কর্মকর্তার নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(৭) এই বিধির অধীন ডিপো স্থাপনের অনুমতি প্রদানসহ নিবন্ধনকালে বিভাগীয় বন কর্মকর্তা, প্রয়োজনবোধে, ডিপো মালিকদের নিকট হইতে সর্বোচ্চ ১০,০০০ (দশ হাজার) টাকা জামানত রাখিতে পারিবেন।

(৮) এই বিধিমালা জারী হইবার পূর্বে স্থাপিত ডিপোসমূহকে এই বিধিমালা জারীর ৬০ (ষাট) দিনের মধ্যে এই বিধির অধীন নিবন্ধন করিতে হইবে।

১৩। **ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিট স্থাপন**।—(১) ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিট স্থাপন ও পরিচালনা করিতে হইলে বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ করিতে হইবে এবং উক্তরূপ লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে কোন ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিট স্থাপন ও পরিচালনা করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স গ্রহণের জন্য ফরম-১১ অনুযায়ী বিভাগীয় বন কর্মকর্তা বরাবর আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিভাগীয় বন কর্মকর্তা প্রয়োজনীয় তদন্ত করিয়া সন্তুষ্ট হইলে অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে ফরম-১২ অনুযায়ী আবেদনকারী বরাবর লাইসেন্স প্রদান করিবেন এবং উক্ত লাইসেন্স প্রতি বৎসর নবায়ন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন লাইসেন্সকৃত ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিট এর মালিক বনজদ্রব্য আগমন-নির্গমণ, চেরাই ও ব্যবহার সংক্রান্ত বিবরণ ফরম-১৪ অনুযায়ী সংরক্ষণ করিবেন এবং বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নমুনা ছক বা ফরমে প্রতি বৎসর ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে লাইসেন্স নবায়ন আবেদনপত্রের সহিত বিভাগীয় বন কর্মকর্তার নিকট রিটার্ন দাখিল করিবেন।

(৫) এই বিধির অধীন প্রদত্ত লাইসেন্স এর জন্য লাইসেন্স ফি এবং উক্ত লাইসেন্স নবায়নের জন্য বাৎসরিক নবায়ন ফি তফসিল 'ক' এ উল্লিখিত হারে প্রদান করিতে হইবে।

(৬) প্রধান বন সংরক্ষক, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে বিজ্ঞপ্তি জারী করিয়া সময় সময় তফসিল 'ক' এর উল্লিখিত লাইসেন্স এবং লাইসেন্স নবায়ন ফি পুনঃ নির্ধারণ করিতে পারিবেন।

(৭) বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা তদূর্ধ্ব পদমর্যাদার কোন কর্মকর্তা যে কোন সময় ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিটে রক্ষিত বনজদ্রব্য পরিদর্শন করিতে পারিবেন এবং ফরম-১৪ এ বর্ণিত রেজিস্টার অনুযায়ী উক্ত বনজদ্রব্যের বিবরণ সঠিক পাইলে তিনি উক্ত রেজিস্টারে স্বাক্ষর করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন পরিদর্শনকালে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে কোন অবৈধ বনজদ্রব্য পাওয়া গেলে, বা ফরম-১৪ এর বর্ণনার সহিত বাস্তবে কোন গরমিলের বিষয়ে, বন কর্মকর্তা বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালিক বা কর্মচারীগণ বন কর্মকর্তার আদেশ মান্য করিতে বাধ্য থকিবেন।

(৯) তফসিল 'গ' এ উল্লিখিত জেলাসমূহের মধ্যে এক জেলা হইতে অন্য জেলায় টিম্বার এর ফার্নিচার বা টিম্বারজাত দ্রব্য পরিবহন করিতে হইলে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের মালিককে বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে লিখিত অনুমতি গ্রহণ করিতে হইবে।

(১০) এই বিধিমালা জারী হইবার পূর্বে স্থাপিত ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিটকে এই বিধিমালা জারীর ৬০ (ষাট) দিনের মধ্যে এই বিধির অধীন লাইসেন্স এর জন্য আবেদন করিতে এবং লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

১৪। **দণ্ড**।— এই বিধিমালার কোন বিধান লংঘনের দায়ে অভিযুক্ত ব্যক্তি আইনের ধারা ৪২ বা, ক্ষেত্রমত, ধারা ৭৭ এ বর্ণিত দণ্ডে দণ্ডনীয় হইবেন, এবং এতদ্ব্যতীত আইনের ধারা ৫২ ও ৫৫ এ বর্ণিত বিধান অনুযায়ী উক্ত অপরাধ সংঘটনের ব্যবহৃত সকল প্রকার যন্ত্রপাতি, যানবাহন, জলযান, ট্রাক, লরি ও পশুসহ সংশ্লিষ্ট বনজদ্রব্য সরকারের পক্ষে বাজেয়াপ্ত করা যাইবে।

১৫। **অপরাধ প্রবণতা রোধের জন্য পুরস্কার**।— আইনের ধারা ৭৬ এর দফা (খ) এ বর্ণিত ক্ষমতাবলে বিভাগীয় বন কর্মকর্তা কোন বন-অপরাধ সংঘটনের ক্ষেত্রে সংবাদদাতা এবং অপরাধ উদ্‌ঘাটনকারী কর্মকর্তা বা কর্মচারীকে, বন বিভাগীয় কর্মকর্তা বা কর্মচারীসহ, ক্ষেত্র বিশেষে অপরাধ দমনে উৎসাহিত করিবার জন্য উদ্‌ঘাটিত বন-অপরাধের জব্দকৃত বনজদ্রব্য বিক্রয়লব্ধ অর্থ বা আদায়কৃত জরিমানার অর্থ হইতে সর্বোচ্চ শতকরা দশ টাকা হারে পুরস্কার প্রদান করিতে পারিবেন।

১৬। **সময় বৃদ্ধি।**— (১) বনজ দ্রব্য চলাচল প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতা ও জটিলতার অবসানকল্পে এই বিধিমালার অধীন বিভিন্ন কার্য নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করা সম্ভব না হইলে উক্ত নির্ধারিত সময় অতিক্রান্ত হইবার পূর্বে সময় বৃদ্ধি করিবার জন্য বিভাগীয় বন কর্মকর্তা বা নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট আবেদন জানাইতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর এ বিষয়ে বাস্তব অবস্থা বিবেচনায় সংশ্লিষ্ট বন সংরক্ষক ৩০(ত্রিশ) কার্যদিবস পর্যন্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন।

১৭। **Ordinance No. XXXIV of 1959 এর বিধানাবলীর ক্ষেত্রে এই বিধিমালার প্রয়োগ।**— Private Forest Ordinance, 1959 (Ordinance No. XXXIV of 1959) এর প্রচলিত বিধানাবলীর ক্ষেত্রে আইনের ধারা ৪১ ও ৪২ এর অধীন প্রণীত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) নিম্নলিখিত বিধিমালাসমূহ এতদ্‌দ্বারা রহিত করা হইল, যথা ঃ—

(ক) Sylhet Forest Transit Rules, 1951;

(খ) Dinajpur and Rangpur Forest Transit Rules, 1954;

(গ) Dhaka Forest Transit Rules, 1959;

(ঘ) Mymensingh Forest Transit Rules, 1959;

(ঙ) Chittagong, Cox`s Bazar and Comilla Forest Transit Rules, 1959; এবং

(চ) East Pakistan General Forest Transit Rules, 1960.।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত বিধিমালাসমূহের অধীন কোন কার্যক্রম প্রক্রিয়াধীন থাকিলে উহা রহিতকৃত বিধিমালাসমূহের বিধান অনুযায়ী নিষ্পত্তি করা যাইবে।

**তফসিল 'ক'**

**[বিধি ১৩(৫) দ্রষ্টব্য]**

ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচার মার্ট বা টিম্বার প্রসেসিং ইউনিট স্থাপনের লাইসেন্স ফি ও বাৎসরিক নবায়ন ফি ঃ—

| নাম | লাইসেন্স ফি | নবায়ন ফি |
|---|---|---|
| ভিনিয়ার ফ্যাক্টরী | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। | ১,০০০/- (এক হাজার) টাকা। |
| ফার্নিচার মার্ট | ১,০০০/- (এক হাজার) টাকা। | ২০০/- (দুইশত) টাকা। |
| টিম্বার প্রসেসিং ইউনিট | ১,০০০/- (এক হাজার) টাকা। | ২০০/- (দুইশত) টাকা। |

## তফসিল ‘খ’

[বিধি ৪(৬) দ্রষ্টব্য]

### বন শুল্ক পরীক্ষণ ফাঁড়ির নাম

১। **চট্টগ্রাম দক্ষিণ বন বিভাগ ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশন/বন শুল্ক পরীক্ষণ ফাঁড়ির নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | সড়ক পথ | পদুয়া | কক্সবাজার মহাসড়কের লোহাগাড়া থানার পদুয়া নামক স্থানে। |
| ২। | ,, | বড়দুয়ারা | কেরাণীহাট বান্দরবান সড়কের বড়দুয়ারা নামক স্থানে। |
| ৩। | ,, | পোমরা | চট্টগ্রাম-কাপ্তাই সড়কের পোমরা নামক স্থানে। |
| ৪। | নদীপথ | লালুটিয়া | সাঙ্গু নদী ও লালুটিয়া ছড়ার সঙ্গমস্থলে। |
| ৫। | ,, | চিড়িংগা | কর্ণফুলী নদীর তীরে রাঙ্গুনিয়া রেঞ্জ সদরে। |

২। **চট্টগ্রাম উত্তর বন বিভাগ ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশন/বন শুল্ক পরীক্ষণ ফাঁড়ির নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | সড়ক পথ | ফৌজদারহাট | চট্টগ্রাম-ঢাকা মহাসড়কের মাদাম বিবির হাট নামক স্থানে। |
| ২। | ,, | ধুমঘাট | ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের বারৈয়ারহাট নামক স্থানে। |
| ৩। | ,, | করেরহাট | চট্টগ্রাম-করেরহাট সড়কের করেরহাট নামক স্থানে। |
| ৪। | ,, | হাটহাজারী | চট্টগ্রাম-রাঙ্গামাটি সড়কের হাটহাজারীতে। |

৩। **কক্সবাজার উত্তর বন বিভাগ ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশন/বন শুল্ক পরীক্ষণ ফাঁড়ির নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | সড়ক পথ | নলবিলা বিট কাম বনজদ্রব্য পরীক্ষণ চৌকি | চকোরিয়া-চট্টগ্রাম সড়কের চকোরিয়া নামক স্থানে। |
| ২। | নদীপথ ও সড়কপথ | বাঘখালী বিট কাম বনজদ্রব্য পরীক্ষণ ফাঁড়ি | বাঘখালী নদীর তীরে কাউয়ার খোপ নামক স্থানে। |
| ৩। | নদীপথ | মানিকপুর বিট কাম বনজদ্রব্য পরীক্ষণ ফাঁড়ি। | মাতামুহুরী নদীর সুরাজপুর নামক স্থানে। |

৪। **কক্সবাজার দক্ষিণ বন বিভাগ ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশন/বন শুল্ক পরীক্ষণ ফাঁড়ির নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | সড়ক পথ | লিংক রোড, বনজদ্রব্য পরীক্ষণ চৌকি | টেকনাফ-কক্সবাজার সড়ক ও হিমছড়ি সড়কের সংযোগস্থলে। |

৫। **সামাজিক বন বিভাগ, ফেণী ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশনের নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | সড়ক পথ | শুভপুর | ফেণী জেলার ছাগলনাইয়া উপজেলার শুভপুর বাজার সংলগ্ন এলাকায়। |

৬। **সামাজিক বন বিভাগ, কুমিল্লা ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশনের নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | সড়ক পথ | সুয়াগাজী | চট্টগ্রাম-কুমিল্লা সড়ক ও চট্টগ্রাম-ঢাকা সড়কের সংযোগস্থলে। |

৭। **সিলেট বন বিভাগ ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশনের নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | নদী পথ | মনুমুখ | মনুনদী ও কুশিয়ারা নদীর সংযোগ স্থলে। |
| ২। | সড়ক পথ | জগদীসপুর | সিলেট-ঢাকা মহাসড়কের হবিগঞ্জ জেলার মাধবকুন্ডু উপজেলার জগদীসপুর নামক জায়গায়। |
| ৩। | সড়ক পথ | শায়েস্তাগঞ্জ | সিলেট-ঢাকা মহাসড়কের হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ এলাকায়। |

৮। **ঢাকা বন বিভাগ ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশনের নাম | অবস্থান |
|---|---|---|---|
| ১। | সড়ক পথ | শালনা | জয়দেবপুর ভালুকা ত্রিশাল রাস্তার উপরে সালনা নামক স্থানে। |
| ২। | সড়ক ও নদী পথ | কালিয়াকৈর | হরিতকিতলা মৌজা, ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের ৪৩ কিঃ মিঃ হইতে ৪৪ কিঃ মিঃ এর মধ্যবর্তী স্থান। |

৯। **সামাজিক বন বিভাগ, ঢাকা ঃ**

| ক্রমিক নং | সড়ক পথ/নদী পথ | চেক স্টেশনের নাম | অবস্থান |
|---|---|---|---|
